গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর

সরকারি ও সিনিয়র মাদ্রাসা শাখা-১

গাইড হাউস (৭ম ও ১০ম তলা)নিউ বেইলী রোড, ঢাকা।

www.dme.gov.bd

মোঃ সাইফুল ইসলাম
উপ-পরিচালক (প্রশাসন)
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০১০.৩৫.০০১.২২.১৮৫৪ তারিখ: ২৯ আষাঢ় ১৪২৯

১৩ জুলাই ২০২২

বিষয়: **নওগাঁ জেলার বদলগাছী উপজেলাধীন ধর্মপুর গোয়ালভিটা হোসেনিয়া আলিম মাদ্রাসার শিক্ষক-কর্মচারীদের এমপিও শীটে পদবী ও বিষয় সংশোধন/সংযোজনের আবেদন যাচাই /তদন্তপূর্বক সুনির্দিষ্ট মতামতসহ প্রতিবেদন প্রেরণের জন্য তদন্ত কর্মকর্তা নিয়োগ প্রসঙ্গে।**

সূত্র: (১)অধ্যক্ষ, ধর্মপুর গোয়ালভিটা হোসেনিয়া আলিম মাদ্রাসার স্মারক নং-ধ/গ/আ/সা১৪/২২; তারিখ: ৩০/০৫/২০২২ খ্রি. মাশিঅর ডকেট নং-৬৮৩৮;তারিখ: ১/০৬/২০২২ খ্রি:

(০২) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বদলগাছী, নওগাঁ এর স্মারক নং-ধ/গ/আ/সা১৬/২২; তারিখ: ২/০৬/২০২২ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নওগাঁ জেলার বদলগাছী উপজেলাধীন ধর্মপুর গোয়ালভিটা হোসেনিয়া আলিম মাদ্রাসার শিক্ষক-কর্মচারীদের এমপিও শীটে পদবী ও বিষয় সংশোধন/সংযোজনের আবেদন দাখিল করা হয়েছে। আবেদন পত্র অনুযায়ী প্রতিকার প্রার্থীগণের চাহিত পদবী ও বিষয় সংশোধন/সংযোজনের নিম্নরূপঃ

| ক্রমিক নং | নাম, পদবী, ইনডেক্স ও প্রতিষ্ঠানের ঠিকানা | এমপিও শীটে বিদ্যমান পদবী ও বিষয় | আবেদনকারীর চাহিত পদবী ও বিষয় |
|---|---|---|---|
| ০১ | MD FEROAUSUR RAHMAN Index: R375311 | পদবী- AP বিষয়- ARABIC | পদবী- SL বিষয়- ARABIC |
| ০২ | MD ATUAR RAHMAN Index: R385776 | পদবী- নেই বিষয়-নেই | পদবী- LEC বিষয়- HUMANITIES |
| ০৩ | MD ABDUL MAZID Index: R687530 | পদবী- LEC বিষয়-নেই | পদবী- LEC বিষয়- ARABIC |
| ০৪ | MD SERAJUL ISLAM Index: R689201 | পদবী- LEC বিষয়-নেই | পদবী- LEC বিষয়- BANGLA |
| ০৫ | MD MAHABUB AHASAN HABIB Index: R690891 | পদবী- PHT বিষয়-নেই | পদবী- AT বিষয়- PHYSICAL EDUCATION |
| ০৬ | MD UZAUL ISLAM Index: R690892 | পদবী- নেই বিষয়-নেই | পদবী- AT বিষয়-AGRICULTURE |
| ০৭ | MOST. AKLIMA KHATUN Index: R2017287 | পদবী- COMPT বিষয়-নেই | পদবী- AT বিষয়- INFORMATION AND COMMUNICATION TECHNOLOGY |
| ০৮ | MD. MUBARAK HOSSAIN Index: 089759 | পদবী- নেই বিষয়-নেই | পদবী- AM বিষয়-নেই |
| ০৯ | MD. ASLAM HOSSAIN Index: 2096662 | পদবী- AT বিষয়-নেই | পদবী- AT বিষয়-PHYSICAL SCIENCE |
| ১১ | MD MOSIUR RAHMAN Index: M0015447 | পদবী- AL বিষয়-LIB. SCIENCE | পদবী-AL বিষয়- LIBRARY & INFORMATION SCIENCE |
| ১২ | MAMATAJ ARA Index: N2118598 | পদবী- AM বিষয়- ARABIC | পদবী- AM বিষয়-নেই |
| ১৩ | MD SHAMS UDDIN Index: R089760 | পদবী- নেই বিষয়-নেই | পদবী- EB-Q বিষয়-নেই |

| | | | |
|---|---|---|---|
| ১৪ | MD RANA HOSEN<br>Index: N2107444 | পদবী- নেই<br>বিষয়-নেই | পদবী- OA-CO<br>বিষয়-নেই |
| ১৫ | UMME HABIBA<br>Index: N2126115 | পদবী- EB-JT<br>বিষয়-ENGLISH | পদবী- EB-T<br>বিষয়-নেই |
| ১৬ | MD AHADUL ISLAM<br>Index: M0012172 | পদবী- ACO<br>বিষয়-নেই | পদবী- OA-CO<br>বিষয়-নেই |
| ১৭ | MD ARIFUL ISLAM<br>Index: M0008557 | পদবী- OA<br>বিষয়-নেই | পদবী- OA-ACA<br>বিষয়-নেই |
| ১৮ | MST. TANJINA AKTER<br>Index: M0012277 | পদবী- SS<br>বিষয়-নেই | পদবী- S-GUARD<br>বিষয়-নেই |
| ১৯ | MST. FATEMA KHATUN<br>Index: M0008558 | পদবী- AYA<br>বিষয়-নেই | পদবী- AYAH<br>বিষয়-নেই |
| ২০ | MD. MOMINUL ISLAM<br>Index: M0017116 | পদবী- CLS<br>বিষয়-নেই | পদবী- CLEANER<br>বিষয়-নেই |
| ২১ | MD. SAJIB HOSEN<br>Index: M0018312 | পদবী- CLS<br>বিষয়-নেই | পদবী- N-GUARD<br>বিষয়-নেই |

আবেদনটি যাচাইপূর্বক সুনির্দিষ্ট মতামতসহ তদন্ত প্রতিবেদন দাখিলের জন্য জনাব মোহাম্মাদ জাহাঙ্গীর আলম, উপ-পরিচালক (প্রশিক্ষণ ও উন্নয়ন)-মাশিঅ এবং জনাব মো: ওমর ফারুক,অফিস সহকারী কাম হিসাব সহকারী, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর- কে যৌথভাবে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হলো। তদন্ত কার্যক্রমে নিম্নোক্ত প্রক্রিয়া অনুসরণ/ডকুমেন্ট/বিষয়াদি যাচাই করবেন:

(০১) প্রতিকার প্রার্থীর নিজস্ব স্বাক্ষরযুক্ত আবেদন যথাযথ আছে কি-না যাচাইপূর্বক মন্তব্য প্রতিবেদনে উল্লেখ করতে হবে।

(০২)প্রতিষ্ঠান প্রধান/গভর্নিং বডি/ম্যানেজিং কমিটি/স্থানীয় কর্তৃপক্ষের সুপারিশসহ অগ্রায়ণ করা হয়েছে কি-না যাচাইপূর্বক মন্তব্য প্রতিবেদনে উল্লেখ করতে হবে।

(০৩) SSC/দাখিল/জন্ম তারিখ সম্বলিত মূল সনদসহ শিক্ষা জীবনের সকল সনদের নম্বর উল্লেখসহ যাচাইপূর্বক মন্তব্য প্রতিবেদনে উল্লেখ করতে হবে।

(০৪) NID যথাযথ যাচাই করতে হবে এবং প্রতিবেদনে NID নম্বর ও ইস্যুর তারিখ উল্লেখ করতে হবে।

(০৫) প্রথম MPO শীটসহ জন্ম তারিখ সম্বলিত প্রথম ও সংশ্লিষ্ট MPO শীটসমূহ যাচাইপূর্বক মন্তব্য প্রতিবেদনে উল্লেখ করতে হবে।

(০৬) প্রথম বেতন-বিলসহ বেতন কোড ও বেতন স্কেল সম্বলিত প্রথম ও সংশ্লিষ্ট বেতন বিলসমূহ যাচাইপূর্বক মন্তব্য প্রতিবেদনে উল্লেখ করতে হবে।

(০৭) চাকুরি জীবনে সকল প্রতিষ্ঠানে চাকুরী প্রাপ্তির আবেদন/সংশ্লিষ্ট সকল নিয়োগ পরীক্ষার ফলাফল শীট এবং অন্যান্য কাগজপত্রে জন্ম তারিখের বিষয়টি যাচাইপূর্বক মন্তব্য প্রতিবেদনে উল্লেখ করতে হবে।

(০৮)প্রথম চাকুরী কালীন সময়ে জনবল কাঠামো অনুযায়ী সংশ্লিষ্ট পদ/বিষয়/বেতন কোডে/বেতন স্কেলেরপ্রাপ্যতা এবং বর্তমানে দাবীকৃত পদ/বিষয়/কোডে/বেতন কোডে/বেতন স্কেলেরপ্রাপ্যতা যথাযথভাবে যাচাইপূর্বক মন্তব্য প্রাতবেদনে উল্লেখ করতে হবে।

(০৯) প্রথম চাকুরিতে যোগদানের পর এমপিও পাওয়ার জন্য যথাযথ কর্তৃপক্ষ বরাবর বেতন কোড ও বেতন স্কেল সম্বলিত দাখিলকৃত আবেদনের মূল কপি যাচাইপূর্বক মন্তব্য প্রতিবেদনে উল্লেখ করতে হবে।

(১০)প্রয়োজনীয় ক্ষেত্রে সংশ্লিষ্ট ব্যাংক শাখার যথাযথ প্রত্যয়ন/প্রতিবেদন/নবায়াল যাচাইপূর্বক মন্তব্য প্রতিবেদনে উল্লেখ করতে হবে।

(১১)পদবী ও বিষয় সংশোধন/সংযোজনের ক্ষেত্রে বর্তমান এবং দাবীকৃত নাম বাংলা এবং ইংরেজিতে যাচাইপূর্বক প্রতিবেদনে উল্লেখ করতে হবে।

(১২) সমস্যার কারণ কি এবং কবে থেকে উক্ত সমস্যা সৃষ্টি হয়েছে তা যাচাইপূর্বক প্রতিবেদনে উল্লেখ করতে হবে।

(১৩) প্রয়োজনে প্রতিকার প্রার্থীর/সংশ্লিষ্টদের বক্তব্য গ্রহণ এবং প্রয়োজনীয় ডকুমেন্টস/তথ্যাদি গ্রহণ/যাচাইপূর্বক মতামত দিবেন।

(১৪) আবেদন মঞ্জুরের সুপারিশ করা হলে বকেয়া দাবি করবেন না মর্মে প্রতিকার প্রার্থীর অঙ্গীকারনামা যাচাইপূর্বক প্রতিবেদনে উল্লেখ করতে হবে এবং যে সকল ডকুমেন্টস এর ভিত্তিতে আবেদন মঞ্জুরের সুপারিশ করা হবে সে সকল ডকুমেন্টসে তদন্তকারী কর্মকর্তার নামযুক্ত সীল স্বাক্ষরসহ থাকতে হবে।

(১৫) পদবী ও বিষয় সংশোধন/সংযোজনের আবেদন মঞ্জুরের সুপারিশ করা হলে যৌক্তিকতা, কারণ ও ব্যাখ্যাসহ প্রতিবেদনে উল্লেখ করতে হবে। আবেদন নামঞ্জুর হলেও কারণ উল্লেখ করতে হবে। তদন্তকারী কর্মকর্তা এতদসংক্রান্ত যাবতীয় আইন, বিধি, নীতিমালা, পরিপত্র এবং নির্দেশনাবলী যাচাই-বাছাইপূর্বক মতামত প্রদান করবেন।

০২. উল্লিখিত প্রক্রিয়া অনুসরণ করে পদবী ও বিষয় সংশোধন/সংযোজনের জন্য দাখিলকৃত আবেদন আগামী ০৭ (সাত) দিনের মধ্যে যাচাইপূর্বক প্রমাণকসহ সুনির্দিষ্ট মতামত/সুপারিশ প্রদানপূর্বক (মুল কপি ফেরত সহ) প্রতিবেদন দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মতে-৫ পাতা।

১৩-৭-২০২২
মো: বাদশা মিয়া
পরিদর্শক (সহযোগী অধ্যাপক)
ফোন: ৪১০৩০৮৯৬
ইমেইল: badshaprog3@gmail.com

বিতরণ :

১) জনাব মোহাম্মাদ জাহাঙ্গীর আলম, উপ-পরিচালক (প্রশিক্ষণ ও উন্নয়ন), মাদরাসা শিক্ষা অধিদপ্তর।

২) জনাব মো: ওমর ফারুক,অফিস সহকারী কাম হিসাব সহকারী, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০১০.৩৫.০০১.২২.১৮৫৪/১(৪)

তারিখ: ২৯ আষাঢ় ১৪২৯
১৩ জুলাই ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) সচিবের একান্ত সচিব (সিনিয়র সহকারী সচিব), সচিব-এর দপ্তর, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।

২) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বদলগাছী, নওগাঁ।

৩) সভাপতি/অধ্যক্ষ, ধর্মপুর গোয়ালভিটা হোসেনিয়া আলিম মাদ্রাসা, বদলগাছী, নওগাঁ।

৪) মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাদরাসা শিক্ষা অধিদপ্তর।

১৩-৭-২০২২
মো: বাদশা মিয়া
পরিদর্শক (সহযোগী অধ্যাপক)